

## ■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৩১

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (كتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ৫৮. তোমরা আমার নামে নাম রাখো; তবে আমার কুনিয়াতে (উপনামে) কুনিয়াত রেখো না

بَابْ تَسْمِّوْا بِاسْمِيْ وَلَا تَكْنُوْا بِكُنْيَتِيْ

আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ عَامِرٍ عَنْ هِشَامٍ عَنْ مُحَمَّدٍ بْنِ سِيرِينَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَسْمِّوْا بِاسْمِيْ وَلَا تَكْنُوْا بِكُنْيَتِيْ

বাংলা

২৭৩১. আবু হুরাইরাহ রাদিয়াল্লাহু আন্হ হতে বর্ণিত যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ “আমার নামে তোমরা নাম রেখ; কিন্তু আমার উপনামে (কুনিয়াতে) তোমরা উপনাম রেখ না।”[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিম উভয়ে সম্মিলিতভাবে বর্ণনা করেছেন।

তাখরীজ: বুখারী, ইলম ১১০; মুসলিম, আদাব ২১৩৪।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৬১০২, ৬১২২, ৬৫৩০ ও সহীহ ইবনু হিকান নং ৫৮১২ ও মুসনাদুল হুমাইদী নং ১১৭৮ তে।

এ মাসআলার ক্ষেত্রে আলিমগণের মতভিন্নতা দেখতে চাইলে দেখুন, শারহ মুসলিম, ৮/৮৪২, ৮৪৩; ফাতহুল বারী ১০/৫৭১, ৫৭৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=83016>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন